

চট্টগ্রামে ছাত্রশিক্ষক যৌথ সমাবেশ

।। নিজস্ব প্রতিনিধি।।

গত ২৪ নভেম্বর।-সর্বদলীয় ছাত্রােক্য ঘোষিত কর্মসূচীর অংশ হিসেবে আজ বিকেল ৪টায় শহীদ ডাঃ মিলন চত্বরে ছাত্রনেতা জয়জিত বড়ুয়ার সভাপতিত্বে এক ছাত্র-শিক্ষক-অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

শেষ পৃঃ ৪-এর কলামে

চট্টগ্রামে ছাত্রশিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

হয়। সমাবেশে বক্তব্য রাখেন চঃ বিঃ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ ইখতিয়ার উদ্দিন চৌধুরী, প্রাক্তন সাধারণ সম্পাদক আনোয়ারুল আজিম আরিফ, বাকশিস সভাপতি এডঃ শফিউল আলম, আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক ইব্রাহিম হোসেন বাবুল, অভিভাবক মঞ্জুর আলম, ছাত্রনেতা মোহাম্মদ নাজিম উদ্দিন, মঞ্জুরুল আলম শাহীন, সাইফুদ্দিন খালেদ খসরু, মঞ্জিবুর রহমান শিবলু।

সভায় বক্তারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জামাত শিবির চক্রের অব্যাহত সন্ত্রাস ও উপাচার্যের উপর হামলা, গুলিবর্ষণ এবং বিশ্ববিদ্যালয়ের সম্পদের ব্যাপক ক্ষতিগ্রস্ত করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেন, শিবির চক্র দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়কে অবরুদ্ধ করে রেখে ক্যাম্পাসকে সন্ত্রাসের লীলা ভূমিতে পরিণত করেছে। অঞ্চল গণতান্ত্রিক সরকার বলে দাবিদার বর্তমান সরকার ও তার প্রশাসন সম্পূর্ণ নির্বিকার। বক্তারা অবিলম্বে উপাচার্যের বাসভবনে হামলাকারী ও শহীদ ফারুক হত্যাকারীদের গ্রেফতার এবং শাস্তি দাবি করেন।